গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

## তুলা উন্নয়ন বোর্ডের ২০২৫-২৬ অর্থবছরের বিভাগীয় (৫ম) সমন্বয় সভার কার্যবিবরনী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল আমিন<br>নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ১৫/১২/২০২৫ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:০০ |
| স্থান | প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড এর সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব তুলা উন্নয়ন বোর্ডকে এগিয়ে নিয়ে যাওয়া। পরবর্তীতে তিনি মো: মাহমুদুল হাসান, সিনিয়র সীড প্রোডাকশন অফিসার, তুলা উন্নয়ন বোর্ডকে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার অনুরোধ করেন। উক্ত সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয়বস্তু | আলোচনা পূর্বক গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ | গত ১৫/১২/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণ করা হয়। | |
| ২ | ই-ফাইলিং ও তথ্য বাতায়ন | আলোচনা: তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ডি-ফাইলিং ও তথ্য বাতায়ন হালনাগাদকরণের রিপোর্ট উপস্থাপন (বিস্তারিত প্রতিবেদন: সংযুক্তি ১) করা হয়।<br>ডিসেম্বর মাসের ডি-ফাইলে নোট নিষ্পন্নের শতকরা হার ৮৯.৯৫%<br>সিডিবি'র ওয়েবসাইটে ডিসেম্বর মাসে ৩০৪ টি তথ্য হালনাগাদ করা হয়েছে।<br>সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ের সকল কার্যালয়সহ সদর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম ৯০% ডি নথির মাধ্যমে নিস্পত্তি করতে হবে এবং সেই সাথে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। যথাসময়ে ই ফাইলিং ও তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম-এর মাসিক প্রতিবেদন ৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল আঞ্চলিক ও জোনাল কার্যালয় এবং গবেষণা কেন্দ্র ও খামারসমূহের অফিস প্রধান, আইসিটি শাখা (স.দ.) |
| ৩ | শূণ্য পদ পূরণ | আলোচনা: সভায় প্রশাসন শাখার সকল কার্যক্রমসহ শূণ্য পদ পূরণ, শাখার দ্বায়িত্বকন্টন এবং বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত-i: রাজস্ব খাতের নিয়োগবিধিভুক্ত ৪৫ টি শূন্য পদে আউটসোসিং প্রক্রিয়ায় নিয়োগের জন্য অর্থ ও কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে এবং সেবা ক্রয়ের কার্যক্রম চলমান আছে। ১৪-২০ গ্রেডের ১০ ক্যাটাগরি ৩৪ পদের ছাড়পত্র পাওয়া গেছে এবং নিয়োগ কার্যক্রম চলমান আছে। এছাড়া কৃষি ডিপ্লোমাধারী পদের ছাড়পত্রের জন্য অবিলম্বে প্রস্তাব প্রেরণ করা হবে।<br>সিদ্ধান্ত-ii: বিসিএস থেকে নিয়োগ যথা নিয়মে প্রক্রিয়াধীন রয়েছে।<br>সিদ্ধান্ত- iii: আনসার ও শ্রমিকের অনুমোদনের বিষয়ে যথাযথ যৌক্তিকতা উপস্থাপনের মাধ্যমে মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>সিদ্ধান্ত-iv: পদ সৃজনের কমিটিকে পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত-v: তুলা উন্নয়ন বোর্ডের নাম পরিবর্তনে গঠিত কমিটিকে বর্তমানে নাম পরিবর্তনের ফাইল কোথায় আছে তা জেনে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা |
| ৪ | গবেষণা সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: অনফার্ম ট্রায়াল এবং সকল গবেষণা ট্রায়ালের ডাটা সংরক্ষণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রত্যেক সভায় উপস্থাপন করতে হবে। | গবেষণা শাখা |
| ৫ | প্রকল্প সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: প্রকল্পের শতভাগ অর্জন যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ৬ | প্রণোদনা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রনোদনার সকল কাগজপত্র হালনাগাদ রাখতে হবে।<br>সিদ্ধান্ত-ii: নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে প্রণোদনা মনিটরিং কমিটি গঠন করতে হবে।<br>১. ড. মো: গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ- আহবায়ক<br>২. এইচ এম সাইফুল্লাহ আজাদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা- সদস্য<br>৩. মোঃ মতিউর রহমান শিমুল, তুলা উন্নয়ন কর্মকর্তা- সদস্য<br>৪. শারমিন সুলতানা, তুলা উন্নয়ন কর্মকর্তা- সদস্য<br>৫. মুহাম্মদ মোফাজ্জল হোসেন, সিনিয়র জিনিং অফিসার- সদস্য সচিব<br>সিদ্ধান্ত-iii: উক্ত কমিটি প্রণোদনা বিষয়ে পৃথক সভা করে প্রণোদনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | সকল মাঠ কার্যালয় এবং প্রশিক্ষণ শাখা |
| ৭ | অডিট আপত্তি সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রতিমাসে ১/২টি অডিট আপত্তি নিপত্তি করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: অডিটের জবাব লেখার পরে সংশ্লিষ্ট ডিডিওকে দেখাতে হবে।<br>সিদ্ধান্ত-iii: দ্বিপক্ষীয়-ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অডিট কমিটি/ ফোকাল পয়েন্ট<br>ও<br>হিসাব শাখা |
| ৮ | বাজেট ও হিসাব সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রতিমাসে রাজস্ব এবং প্রকল্প সমূহের বাজেট ও হিসাব সম্পর্কিয় একটি (১টি) BIC সভা ও প্রতি ত্রৈমাসিকে একটি (১টি) BMC সভা আয়োজন করে বাজেট সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | বাজেট ও হিসাব শাখা |
| ৯ | প্রকিউরমেন্ট সংক্রান্ত | সিদ্ধান্ত- i: সকল কার্যালয়ের ক্রয় আবশ্যিকভাবে eGP এর মাধ্যমে নিস্পন্ন করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | প্রকিউরমেন্ট শাখা |
| ১০ | প্রশিক্ষণ/ কর্মশালা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রশিক্ষণ ও কর্মশালা সিডিউল প্রস্তুত করে যথাসময়ে সকল প্রশিক্ষণ ও কর্মশালা সম্পন্ন করতে হবে। | প্রশিক্ষণ শাখা |
| ১১ | মনিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত | সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ে কার্যক্রমসমূহের অগ্রগতি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে ও সকল প্রতিবেদন/ রিপোর্টিং সঠিকভাবে করে যথাসময়ে সদর দপ্তরে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: গেস্ট হাউস ও ডরমেটরির সকল রেজিস্টার মনিটর করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।<br>১. মোঃ কুতুব উদ্দীন, উপ-পরিচালক (স.দ)- আহবায়ক<br>২. রনজিৎ কুমার ভৌমিক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রেষণ), তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প- সদস্য<br>৩. এইচ এম সাইফুল্লাহ আজাদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা- সদস্য | মাঠ কার্যালয় এবং মনিটরিং ও রিপোর্টিং শাখা এবং প্রশিক্ষণ শাখা |
| ১২ | জমিজমা/মামলা সংক্রান্ত | সিদ্ধান্ত- i: তুলা উন্নয়ন বোর্ডের সকল নিজস্ব জায়গা ফাকা না রেখে তুলা গাছ লাগাতে হবে।<br>সিদ্ধান্ত- ii: তুলা উন্নয়ন বোর্ডের সকল স্থাপনাসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। যাতে দেখে বুঝা যায় জমিগুলো মালিকানাধিন রয়েছে।<br>সিদ্ধান্ত-iii: তুলা উন্নয়ন বোর্ডের সাইনবোর্ড বড় আকারে দিতে হবে।<br>সিদ্ধান্ত-iv: বাউন্ডারি দেওয়াল মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইন শাখা |
| ১৩ | বিভাগীয় ঋণ | সিদ্ধান্ত- i: বিভাগীয় ঋণের তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>সিদ্ধান্ত- ii: বীজের বকেয়া অর্থ দ্রুততম সময়ে সংশ্লিষ্ট সকলকে পরিশোধ এর জন্য পত্র প্রেরণ করতে হবে। | জিনিং ও মার্কেটিং শাখা এবং হিসাব শাখা |
| ১৪ | বিবিধ | সিদ্ধান্ত-i: ঝিনাইদহ ও মেহেরপুরে নতুন ভবন গণপুর্ত অধিদপ্তরে অন্তভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত- ii: তুলা ভবনে অবস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকের কার্যালয়, ঢাকা-এর বৈদ্যুতিক মিটার আলাদা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সিদ্ধান্ত- iii:<br>ক. যাহারা মটরসাইকেলের টাকা পরিশোধ করেনি তাদের টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. যাহারা মটরসাইকেলের টাকা পরিশোধ করেছেন তাদেরকে না দাবী পত্যায়ন দিতে হবে। | সংস্থাপন শাখা |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

১৪-০১-২০২৬
মোঃ রেজাউল আমিন
নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব)

তারিখ: ৩০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.০০০.১০৩.০১.০০১৩.১৯.১২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
২। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।।
৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )।
৪। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।
৫। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড।

১৪-০১-২০২৬
মোঃ মাহমুদুল হাসান
সিনিয়র সীড প্রোডাকশন অফিসার